গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
আইসিটি শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মো: জাহাঙ্গীর হোসেন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৩ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | দুপুর ১:৩০ |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল |
| উপস্থিতি | এপিএ বাস্তবায়ন সংক্রান্ত অভ্যন্তরীণ জেলা কমিটির সদস্যবৃন্দ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাগত বক্তব্যে সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা কর্মদক্ষতা মূল্যায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সরকারি অফিসসমূহের জন্য "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)" প্রবর্তন সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করা হয়। সভাপতির সম্মতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) বরিশাল গত ডিসেম্বর/২০২২ মাসের APA সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অত:পর সভাপতি ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২৩) সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় মতামত/সুপারিশ প্রদানের জন্য সকল সদস্যকে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**<br>বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা যায়। | বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হলো। | এপিএ'র জেলা কমিটির সদস্য (সকল) |
| ০২ | **সভা আয়োজন ও সভার কার্যবিবরণী স্ব-স্ব ওয়েবপোর্টালে আপলোডকরণ:**<br>ক. প্রতি ০৩ মাসে কমপক্ষে একবার ত্রৈমাসিক সভার আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>খ. সভার কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক. প্রতি ০৩ মাসে কমপক্ষে একবার জেলা এবং উপজেলা পর্যায়ে ত্রৈমাসিক সভার আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা কমিটির সভার কার্যবিবরণী এ কার্যালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে।<br>খ. সকল দপ্তরের এপিএ'র চুক্তি/ ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে। | এপিএ'র জেলা কমিটির সদস্য (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **<u>এপিএএমএস সফটওয়ারের মাধ্যমে ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক আপলোড:</u>**<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত এপিএ’র নির্দেশিকা ও ক্যালেন্ডার অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন/ প্রমাণক (জানুয়ারি-মার্চ/২০২৩) এপিএএমএস সফটওয়্যারে আপলোডকরণের জন্য নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট শাখা/ দপ্তর থেকে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন/ প্রমাণক দাখিলের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এপিএ’র ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৩) এর প্রমাণক সংশ্লিষ্ট শাখা/ দপ্তর হতে ০৫/০৪/২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ের আইসিটি শাখায় জমা দিতে হবে। | এপিএ’র জেলা কমিটির সদস্য (সকল) ও এ কার্যালয়ের সকল সহকারী কমিশনার |
| ০৪ | **<u>এপিএ সংক্রান্ত নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ:</u>**<br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসমূহের জন্য একটি সমন্বিত নির্দেশিকা, ২০২২-২০২৩ প্রণয়ন করা হয়েছে। প্রতিটি অফিসে উক্ত নির্দেশিকা অনুসরণপূর্বক কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি অফিসসমূহে এপিএ সংক্রান্ত নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুসরণ করতে হবে। | এপিএ কমিটির সদস্য (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) বরিশাল। |
| ০৫ | **<u>ওয়েবপোর্টালে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বক্সটি হালনাগাদকরণ:</u>**<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত স্ব-স্ব দপ্তরের ওয়েবপোর্টালে পৃথক বক্স রয়েছে। এ বক্সের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল এর ওয়েবপোর্টালে প্রদত্ত “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি” বক্স এর আদলে ওয়েবপোর্টালে স্ব-স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত বক্সটি হালনাগাদ করতে হবে। | এপিএ কমিটির সদস্য (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) বরিশাল। |
| ০৬ | **<u>উপজেলা পর্যায়ের ৩য় ত্রৈমাসিক(জানুয়ারি-মার্চ/ ২০২৩) প্রতিবেদন:</u>**<br><br>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত এপিএ’র নির্দেশিকা ও ক্যালেন্ডার অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল এর কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ/ ২০২৩) এপিএএমএস সফটওয়্যারে আপলোডকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল এর কার্যালয়ের ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/ ২০২৩) তথ্য ক্যালেন্ডারে উল্লেখিত তারিখের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে আপলোডপূর্বক (দফাওয়ারী জবাবসহ) প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |

| | | | |
|---|---|---|---|
| ০৭ | **জেলা কমিটির কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>জেলা কমিটির কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয় হতে এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ-কে জেলা কমিটির সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.০৬০০.১২৭.০৬.০০১.২৩.৪৭

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯
০৫ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
৭) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
৮) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
১০) বিভাগীয় বন কর্মকর্তা, বরিশাল
১১) রেভিনিউ ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
১২) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্বযালয়, বরিশাল
১৩) নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
১৪) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বরিশাল
১৫) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, প্রশাসকের কার্যালয়, বরিশাল
১৬) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বরিশাল
১৭) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বরিশাল
১৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, বরিশাল
১৯) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর,বরিশাল
২০) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
২১) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বরিশাল

২২) হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার , বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশাল
২৩) প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল

মো: জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক